

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০১৮.২০১৬- ১৭৫

তারিখঃ ০৭.০৩.২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ডাঃ শামসুন্নাহার মীর (১১২৩৬২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিচারিক মামলা।


### অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ শামসুন্নাহার মীর (১১২৩৬২), প্রাক্তন মেডিকেল অফিসার, চারিগ্রাম উপস্বাস্থ্য কেন্দ্র, সিঙ্গাইর, মানিকগঞ্জকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৮.০৯.২০১১ তারিখের স্বাপকম/চিশিঞ্জ/প্রেমণ/বিভিন্নপ্রতিষ্ঠান-৫০/২০১১-২৯৬নং স্মারক মোতাবেক ০১.০৭.২০১১ তারিখ হতে ৩১.১২.২০১১ তারিখ পর্যন্ত মঞ্জুরিকৃত প্রেষণ ভোগ শেষে যথাসময়ে কর্মস্থলে যোগদান না করে গত ০১.০১.২০১২ তারিখ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে রয়েছেন;

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দস্ত প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

  
(বিমান কুমার সাহা এনজিসি)  
অতিরিক্ত সচিব


ডাঃ ডাঃ শামসুন্নাহার মীর (১১২৩৬২)  
বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা  
স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।  
(স্থায়ী ঠিকানাঃ- পিতা-মীর মোঃ মোয়াজ্জেম হোসেন, ২৫/৭, ঝিগাতলা, ঢাকা-১২০৯)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০১৮.২০১৬- ১৭৫/১৭৫

তারিখঃ ০৭.০৩.২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
- ৩। সিনিয়র সহকারী সচিব (পার-৩ শাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।


  
(আসমা তাসকিন)  
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

## অভিযোগ বিবরণী

ডাঃ শামসুন্নাহার মীর (১১২৩৬২), প্রাক্তন মেডিকেল অফিসার, চারিগ্রাম উপস্বাস্থ্য কেন্দ্র, সিঙ্গাইর, মানিকগঞ্জকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৮.০৯.২০১১ তারিখের স্বাপকম/চিশিঅ/প্রেষণ/বিভিন্নপ্রতিষ্ঠান-৫০/২০১১-২৯৬নং স্মারক মোতাবেক ০১.০৭.২০১১ তারিখ হতে ৩১.১২.২০১১ তারিখ পর্যন্ত মঞ্জুরিকৃত প্রেষণ ভোগ শেষে যথাসময়ে কর্মস্থলে যোগদান না করে গত ০১.০১.২০১২ তারিখ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে রয়েছেন। আপনার উপরিলিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

  
(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০১৬.২০১৬-

তারিখঃ ০৭/০৩/২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ডাঃ মোহাম্মদ জিয়াউল করিম শামিম (১১০৪২২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ মোহাম্মদ জিয়াউল করিম শামিম (১১০৪২২) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২২.০৭.২০১০ তারিখের স্বাপকম/চিশিজ/প্রেষণ/বিভিন্নপ্রতিষ্ঠান-১৩/২০১০-৫৩৮নং স্মারক মোতাবেক ০১.০৭.২০১০ তারিখ হতে ৩০.০৬.২০১২ তারিখ পর্যন্ত মঞ্জুরিকৃত প্রেষণ ভোগ শেষে যথাসময়ে কর্মস্থলে যোগদান না করে গত ০১.০৭.২০১২ তারিখ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে রয়েছেন;

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব

ডাঃ মোহাম্মদ জিয়াউল করিম শামিম (১১০৪২২)

বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা

স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।

(স্থায়ী ঠিকানাঃ- পিতা-মোঃ রিয়াজউদ্দিন আহমেদ, হাউজ নং-৬/৭, রোড নম্বর-০১, শ্যামলী, ঢাকা-১২০৭)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০১৬.২০১৬-

তারিখঃ ০৭/০৩/২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
- ৩। সিনিয়র সহকারী সচিব (পার-৩ শাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

(আসমা তাসকিন)


উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

## অভিযোগ বিবরণী

ডাঃ মোহাম্মদ জিয়াউল করিম শামিম (১১০৪২২) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২২.০৭.২০১০ তারিখের স্বাপকম/চিশিজ/প্রেষণ/বিভিন্নপ্রতিষ্ঠান-১৩/২০১০-৫৩৮নং স্মারক মোতাবেক ০১.০৭.২০১০ তারিখ হতে ৩০.০৬.২০১২ তারিখ পর্যন্ত মঞ্জুরিকৃত প্রেষণ ভোগ শেষে যথাসময়ে কর্মস্থলে যোগদান না করে গত ০১.০৭.২০১২ তারিখ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে রয়েছেন। আপনার উপরিলিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

  
(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শুংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২২.২০১৬-

১২৭

প্রজ্ঞাপন

তারিখঃ ০৭.০৩.২০১৬খ্রিস্টাব্দ


যেহেতু, ডাঃ মোঃ আসাদুজ্জামান ফিরোজ (১০১৫০৯৮), মেডিকেল অফিসার, বক্ষব্যাধি ক্লিনিক, কুষ্টিয়া 'ইয়াবা বড়ি' সহ পুলিশ কর্তৃক গ্রেফতার হয়ে কুষ্টিয়া জেলার মিরপুর থানার মামলানং-১০, তারিখঃ-১৩.০৯.২০১৫ (জিআর-১০৯/১৫) মোতাবেক বিজ্ঞ আদালতের মাধ্যমে গত ১৪.০৯.২০১৫ তারিখে জেল হাজতে প্রেরিত হন;

যেহেতু, বি.এস.আর.পার্ট-১ এর ৭৩নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারী অভিযোগে অথবা দেনার দায়ে আটক সরকারি কর্মচারী গ্রেফতার হওয়ার তারিখ হতে সাময়িক বরখাস্ত বলে বিবেচিত হবেন;

সেহেতু, ডাঃ মোঃ আসাদুজ্জামান ফিরোজ (১০১৫০৯৮), মেডিকেল অফিসার, বক্ষব্যাধি ক্লিনিক, কুষ্টিয়াকে বি.এস.আর.পার্ট-১ এর ৭৩নং বিধির নোট-২ অনুযায়ী ১৪.০৯.২০১৫খ্রিঃ তারিখ থেকে সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল;

সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হল।

  
(সৈয়দ মন্জুরুল ইসলাম)  
সচিব


নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২২.২০১৬-

১২৭/১৬৩০

তারিখঃ ০৭.০৩.২০১৬খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (ডেটাবেইজে সংরক্ষণ করার জন্য)।
- ৩। উপসচিব (পার-২ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
- ৬। উপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৭। সিভিল সার্জন, কুষ্টিয়া।
- ৮। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কুষ্টিয়া।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। ডাঃ মোঃ আসাদুজ্জামান ফিরোজ (১০১৫০৯৮), মেডিকেল অফিসার, বক্ষব্যাধি ক্লিনিক, কুষ্টিয়া।

  
(আসমা তাসকিন)

উপ-সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)


নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০০৬.২০১৬-৩২৮

তারিখঃ ০৭.০৩.২০১৬খ্রিঃ

বিষয়ঃ ব্যক্তিগত শুনানি।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে ডাঃ মোঃ সহিদুল ইসলাম হাওলাদার (৩৪৯৫৫), উপপরিচালক (সাময়িকভাবে বরখাস্তকৃত), শেরেবাংলা মেডিকেল কলেজ, বরিশাল এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার বিষয়ে ব্যক্তিগত শুনানী আগামী ২০.০৩.২০১৬ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সচিব মহোদয় কর্তৃক তাঁর অফিস কক্ষে গ্রহণ করা হবে।

২। নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট কাগজপত্রসহ শুনানিতে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(আসমা তাসকিন)  
উপ সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

[sasdisr1@mohfw.gov.bd](mailto:sasdisr1@mohfw.gov.bd)

ডাঃ মোঃ সহিদুল ইসলাম হাওলাদার (৩৪৯৫৫)

উপপরিচালক (সাময়িকভাবে বরখাস্তকৃত)

শেরেবাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল।


(স্থায়ী ঠিকানাঃ-পিতা-মৃত মোঃ আব্দুল করিম হাওলাদার, গ্রাম-কালিকাটে, ডাক-বীশবাড়িয়া, জেলা-পিরোজপুর)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০০৬.২০১৬-৩২৮

তারিখঃ ০৭.০৩.২০১৬খ্রিঃ

অনুলিপি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নির্ধারিত তারিখে একজন প্রতিনিধিকে সংশ্লিষ্ট নথিপত্রসহ শুনানিতে উপস্থিত থাকার জন্য এবং নোটিশটি যথাযথভাবে জারি করার জন্য অনুরোধ করা হলো)।
- ২। উপসচিব (নিরাপত্তা-২ অধিশাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পরিচালক, শেরেবাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল।
- ৪। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৭। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। অতিরিক্ত সচিব (শৃংখলা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

  
(আসমা তাসকিন)  
উপ সচিব